

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.৩২০০.০০০.১৪.০৭২.১৫. ৯৫৬

তারিখঃ ১২/০৪/২০১৬।

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ গাইবান্ধা জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপ/গাই/১২৮৩, তারিখঃ ৮/৩/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরের অনুমোদিত রাজস্ব বাজেটের সমাজ কল্যাণ, অর্থনৈতিক কল্যাণ, জনস্বাস্থ্য, গণপূর্ত ও সাধারণ খাতের ৪৪,৭৫,০০০/- (চুয়াল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকায় প্রকল্প তালিকার ক্রমিক নং-৩৭ ও ৩৮ এ বর্ণিত ২ টি প্রকল্প ব্যতিত এতদসঙ্গে সংযুক্ত তালিকায় বর্ণিত ৩৮ টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

শর্তসমূহঃ

- ১) প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা কর্তৃক পরীক্ষা করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ২) দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ;
- ৩) জেলা পরিষদ কার্যালয়ের সকল পূর্ত কাজ উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পিপিআর ২০০৮ এবং এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে দরপত্র আহবান করে বাস্তবায়ন করতে হবে; কোন অবস্থাতেই প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কমিটির মাধ্যমে করা যাবে না।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(জুবাইদা নাসরিন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, গাইবান্ধা।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, গাইবান্ধা।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।